

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড

নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

কাইজেন প্রতিবেদন


স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীনে জাইকা সহায়তাপুষ্ট সিটি গভর্নেন্স প্রকল্প এর আওতায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে কাইজেন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর সংশ্লিষ্ট সকল বিভাগ ও শাখা প্রধানগণ নভেম্বর ২০১৬ খ্রি মাসে তাদের নিজ নিজ বিভাগ ও শাখা এর কর্মকর্তা কর্মচারিদের নিয়ে ক্ষুদ্র উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন এবং প্রতিবেদন তৈরির বিষয় নিয়ে আলোচনা করেন। সে মোতাবেক সংশ্লিষ্ট সকল বিভাগীয় ও শাখা প্রধানগণ যথাযথভাবে নিজ নিজ বিভাগের জন্য একটি কাইজেন work plan তৈরী করেন এবং সে অনুযায়ী প্রতিটি বিভাগে একটি করে দৃশ্যমান কাইজেন বাস্তবায়ন করা হয় এবং প্রতিবেদন তৈরি করা হয়।

প্রতিটি বিভাগ ও শাখার কাইজেন খিম সমূহ নিচে উপস্থাপন করা হলো।


ক্রঃনং	বিভাগ/শাখার নাম	কাইজেন খিম (নভেম্বর-২০১৬)	প্রধান কার্যক্রম ও পরিবর্তনসমূহ (মার্চ-২০১৭)
০১	প্রকৌশল বিভাগ	নির্মাণ ব্যবস্থাপনা।	উপ সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী এবং নির্বাহী প্রকৌশলীগণের উপস্থিতিতে নির্মাণ কাজ তদারকি ও অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করা হচ্ছে।
০২	বিদ্যুৎ শাখা	রাস্তার বৈদ্যুতিক বাতির বিষয়ে অভিযোগ (বক্স বাতি) দ্রুত ব্যবস্থা হাতেন প্রসঙ্গে।	সাধারণ জনগন এর সুবিধার জন্য প্রতিটি ওয়ার্ড কাউন্সিলের এর কার্যালয়ে বাতি পরিদর্শন ও মিশ্রিদের মোবাইল ফোন নাম্বার টানানো আছে।
০৩	প্রশাসন শাখা	অপ্রয়োজনীয় নথি বাছাই করন ও রেকর্ডের সংরক্ষণ।	অপ্রয়োজনীয় নথি বাছাই করা হয়েছে। বেকর্ডসমে জায়গার অভাবে সংরক্ষণ করা সম্ভব হয়নি। নতুন অফিস ভবন নির্মাণ সম্পর্ক হলে নথি যথাযথ ভাবে সংরক্ষণ করা হবে। তবে সাধারণ শাখায় দেয়ালে ঢীলের র্যাক স্থাপন করে নথি সংরক্ষণ করা হয়েছে।
০৪	লাইসেন্স শাখা	অফিস পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।	জরোজীর্ণ টেবিল পরিবর্তন করে নতুন টেবিল বসানো হয়েছে। অকেজ ফাইল বাছাই করে স্টেরে রাখা হয়েছে এবং থ্রয়োজনীয় ফাইল সাজানো হয়েছে।
০৫	কর আদায় শাখা	অফিস ব্যবস্থাপনায় গতি ও স্বচ্ছতা আনায়ন।	কাজের গতি পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে এবং জবাবদিহিতা বেড়েছে।
০৬	আইন শাখা	মামলার রেজিস্টার সুষ্ঠু ব্যবস্থাপনা।	মামলার রেজিস্টার সুষ্ঠু ব্যবস্থাপনা এর জন্য নতুন রেজিস্টারে মামলার ফাইল সমূহ ক্রমান্বয়ে লিখা হয়েছে।
০৭	স্বাস্থ্য বিভাগ	নারায়ণগঞ্জ অঞ্চলের নথি সুবিন্যস্ত করন।	প্রয়োজনীয় সংখ্যক র্যাক বা সেক্ষ না থাকায় প্রয়োজনীয় ফাইল আলামারী এবং কাগজ এর কার্টুনে তরে সংরক্ষণ করা হয়েছে।
০৮	বর্জ্য ব্যবস্থাপনা শাখা	অকেজো গার্ভেজ ট্রাক সচল করে পরিচ্ছন্ন কাজে পুনঃব্যবহার।	যান্ত্রিক ত্রুটি মেরামত করে গাড়ী পুনঃব্যবহার যোগ্য করা হয়েছে। উল্লেখ্য, আরো অনেক গার্ভেজ ট্রাক মেরামতের অপেক্ষায় আছে।
০৯	লাইব্রেরী শাখা	৬০% বই বিষয় ভিত্তিক সাজিয়ে রাখা।	কার্যক্রম চলমান আছে।

উক্ত কাইজেন থিম বাস্তবায়নের জন্য কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয় এবং প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী
সংশ্লিষ্ট বিভাগ/শাখাকে যথাযথভাবে উহা বাস্তবায়নের জন্য দক্ষতা উন্নয়ন ইউনিট(সিডিইউ) একটি সভার আয়োজন
করা হয়। উক্ত সভায় সংশ্লিষ্ট সকল বিষয়ে পরামর্শ প্রদান করা হয় এবং এর অঙ্গতি পর্যালোচনা ও তদারকির কার্যাদি
দক্ষতা উন্নয়ন ইউনিট(সিডিইউ) এর মাধ্যমে সম্পাদনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এর আলোকে দক্ষতা উন্নয়ন ইউনিট
(সিডিইউ) কাইজেন বাস্তবায়নে প্রত্যেক বিভাগ/শাখাকে সার্বিক সহযোগীতা প্রদান করে এবং (সিডিইউ) এর পক্ষ
থেকে সহকারি সচিব জনাব আবুল বাশার সংশ্লিষ্ট সকল বিভাগ ও শাখার কাইজেন কার্যক্রম পর্যবেক্ষন করেন।

মন্তব্যঃ সকল বিভাগ ও শাখার কাইজেন কার্যক্রম অব্যাহত থাকলেও লোকবল, জায়গার অভাব, র্যাক বা
সেক্ষ এর অভাবে প্রয়োজনীয় ফাইল পত্র রাখা অসুবিধা হচ্ছে। অনেক সময় বৃষ্টির পানিতে প্রয়োজনীয় ডকুমেন্ট নষ্ট
হয়ে যাচ্ছে। ১৩ নং ওয়ার্ড কাউন্সিলর জানান ওয়ার্ড কাউন্সিলরদের কার্যালয়ে বাতি পরিদর্শক ও মিস্ট্রির নাম্বার
থাকলেও অনেক সময় পুরন বৈদ্যুতিক লাইনের জন্য ঘড় বৃষ্টির সময় একসাথে অনেক লাইট নষ্ট হয়ে যায়। মিস্ট্রি
সংকট এবং প্রয়োজনীয় মালামাল এর জন্য দ্রুত ব্যবস্থা করা সম্ভব হয়ে ওঠে না। বিদ্যুৎ চলে গেলে সব রাস্তা অন্ধকার
হয়ে যায়। কাউন্সিলরগণ বিদ্যুৎ চলে গেলে বিকল্প ভাবে যাতে রাস্তায় বাতি জলে তার পরামর্শ দেন এবং সিজিপি
থেকে এই ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন।




 (মোঃ মাহমুদুর রহমান হাবিব)
 সচিব
 নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

 ফোন-৭৬৪৮৩৬৭
 e-mail: ceo@ncc.gov.bd



চিত্রঃ রাস্তার বাতির বিষয়ে ১৩ নং ওয়ার্ড পরিদর্শন।

চিত্রঃ রাস্তার বাতির বিষয়ে ১২ নং ওয়ার্ড পরিদর্শন।



চিত্রঃ রাস্তার বাতির বিষয়ে ১৩ নং ওয়ার্ড পরিদর্শন।

চিত্রঃ কাইজেন মেনে র্যাক তৈরী করে ফাইল সংরক্ষণ।

১০

১১